# ডায়াবিটিস



ডাঃ ননীগোপাল জানা

সূচীপত্র


আমার আবিষ্কৃত ঔষধসমূহ ---------- 6-39
জানাবিটা ---------- 6
কার্ডিয়ানা ---------- 7
ভাইটাম ---------- 9
ককসী ---------- 11
ককসিডাইন ---------- 13
গ্রাইপান ---------- 15
জানসীন ---------- 17
জানহেপাটিন ---------- 19
জাসীনা ---------- 20
ফিমোলিন ---------- 21
জালুকর ---------- 23
জাভেরিন ---------- 25
জাকোলিন ---------- 27
জাফারিন ---------- 30
জাসোবিন ---------- 32
জাপোলিন ---------- 33
অ্যানাভিন ---------- 35
পাইলেজান ---------- 37
ওয়ার্মিডাম ---------- 38
ব্রোঞ্জ ডায়াবিটিস ---------- 40
ডায়াবিটিস ইনসিপিডাস ---------- 41
ডায়াবিটিস ইনসিপিডাস চিকিৎসা ---------- 41-49
ডায়াবিটিস মেলিটাস ---------- 49
ডায়াবিটিস মেলিটাস প্রথম প্রকার ---------- 49
ডায়াবিটিস মেলিটাস দ্বিতীয় প্রকার ---------- 50
ডায়াবিটিস মেলিটাস চিকিৎসা ---------- 51-86
বহুমূত্রগ্রস্ত গর্ভাবস্থা ---------- 86
গর্ভাবস্থার পূর্ব থেকে মধুমেহে আক্রান্ত অবস্থা ---------- 86
গেস্টেশনাল ডায়াবিটিস ---------- 86
গেস্টেশনাল ডায়াবিটিস চিকিৎসা ---------- 86
রোগমুক্তি-প্রতিরোধ ও ব্যায়াম ---------- 87
প্রাকৃতিক উপায়ে চিকিৎসা ---------- 89
ঔষধ নির্বাচন ও প্রয়োগ ---------- 90
শক্তি নির্বাচন ---------- 93
ঔষধের সম্বন্ধ ও প্রতিকূল সম্বন্ধ ---------- 94
মাত্রা ও প্রয়োগ ---------- 96
আমার উদ্ভাবিত পাখির ভাইরাস টক্সিনজাত ঔষধ ---------- 97-103
আমার উদ্ভাবিত অন্যান্য ঔষধ ---------- 103-104
ডায়াবিটিসের জটিলতা ---------- 105-111
ঔষধ বিক্রয় ---------- 112

আমার আবিষ্কৃত ঔষধ সমূহ

ওর‍্যাল লিকুয়িড কম্বিনেশনস (Oral liquid combinations)

## জানাবিটা (JANABETA)

প্রতি 5 মিলি মিশ্রণে ঔষধের পরিমাণ (Composition : Each 5ml contains)

অ্যাব্রোমা অগস্টা ϕ (Abroma augustaϕ) 0.15 মিলি

অ্যাসিডাম ফস্ফোরিকাম দ্রবণ ϕ(Acidum phosphoricum solutionϕ) 0.15মিলি

সেফাল্যান্ড্রা ইন্ডিকা ϕ (Cephalandra indicaϕ) 0.15 মিলি

ড্যামিয়ানা ϕ(Damianaϕ) বা টার্নেরা অ্যাফ্রোডিসিয়াকা ϕ (Turnera aphrodisiacaϕ) 0.15 মিলি

জিমনেমা সিলভেস্টারϕ(Gymnema sylvestreϕ) 0.15 মিলি

ওসিমাম স্যাঙ্কটামϕ (Ocimum sanctumϕ)0.15 মিলি

সিজিজিয়াম জ্যাম্বোলেনামϕ (Syzygium jambolanumϕ) 0.15 মিলি

ইউরেনিয়াম নাইট্রিকাম 3x(Uranium nitricum3x) 250 মিগ্রা

অ্যালকোহল (Alcohol) 12% v/v

**এককালীন সেব্য ঔষধের মাত্রা (Dose) : প্রাপ্ত বয়স্ক** - 1 বা 2 পূর্ণ চা-চামচ বা 5 বা 10 মিলি মাত্রায় জল সহ প্রত্যহ 3 বা 4 বার খালি পেটে বা আহারের পরে কিংবা চিকিৎসকের নির্দেশ বা পরামর্শ বা উপদেশ অনুযায়ী সেব্য। কোন ক্ষেত্রে হাতের কাছে চা-চামচ না থাকলে শিশি বা বোতলের মুখের বাইরের ছিপির 1 বা 2 পূর্ণ ছিপি মাত্রায় সেব্য। কোন ক্ষেত্রে আবশ্যক বোধে 3 চা-চামচ মাত্রায় জল সহ প্রযোজ্য।

**অপ্রাপ্তবয়স্ক** - সহ্য ক্ষমতা অনুযায়ী 1.25 বা 2.5 বা 5 মিলি কিংবা $^1/_4$ বা $^1/_2$ বা 1 বাইরের ছিপি অথবা $^1/_4$ বা $^1/_2$ বা 1 চা-চামচ মাত্রায় সেবন করা যেতে পারে। এরূপ মাত্রা সেবনেও কোন আক্রান্ত ব্যক্তির যদি কোনও কষ্ট হয় বা উপসর্গ দেখা দেয় তাহলে তিনি 5 বা 10 বা 20 ফোঁটা মাত্রায় জলসহ ঔষধটি 2 বা 3 বা 4 বার সেবন করতে পারেন। **প্রতিবারে** ঔষধ সেবনের পূর্বে শিশিটি উত্তমরূপে ঝাঁকিয়ে প্রয়োগ বা সেবন করবেন।

**প্রদর্শক বা লক্ষণ** - আমি যে সব লক্ষণের উপর ভিত্তি করে ঔষধটি প্রয়োগ করি সেগুলি বর্ণনা করলাম। আপনারা লক্ষণ অনুযায়ী বা অবস্থা বুঝে প্রয়োগ করবেন। মধুমেহের ক্ষেত্রে অবসন্নতা বা অবসাদ, উৎকণ্ঠা, অদম্য পিপাসা বা তৃষ্ণাহীনতা, মাথাঘোরা, পচন বা বিগলন, পচা ক্ষত, ফোড়া, ক্ষত সারতে বিলম্ব, বারবার চিনি বা শর্করা যুক্ত মূত্র ত্যাগ, মূত্রে বা রক্তে চিনি বা শর্করার হারের বৃদ্ধি বা অতিবৃদ্ধি, ওজন হ্রাস, অণ্ড বা ডিম্বকোষ দ্বয়ের আকারে হ্রাস, সঙ্গম বা জননেন্দ্রিয়ের ক্ষমতা হ্রাস, অতি ক্ষুধা বা ক্ষুধাহীনতা, অস্থিতে বা মাংসপেশীতে

বেদনা বা ছিন্নকর যন্ত্রণা, হাঁটার সময় পা টলমল করা প্রভৃতি লক্ষণে প্রযোজ্য। মধুমেহ সহ নির্দিষ্ট অঙ্গ বা যন্ত্র বা তন্তুতে অপর্যাপ্ত রক্ত সরবরাহ বা ইস্কেমিয়া, চর্বি বা মেদযুক্ত পদার্থ জমার ফলে ধমনীর সংকোচন বা অ্যাথারোসক্লেরোসিস, উচ্চ রক্তচাপ, ছানি, কার্ডিওভ্যাস্কুলার পীড়াসমূহ, ব্রোঞ্জ ডায়াবিটিস বা হিমোক্রোমাটোসিস অগ্ন্যাশয়ে প্রদাহ বা প্যানক্রিয়াটাইটিস, এডস প্রবণতা, থ্যালাসিমিয়া প্রভৃতিতে ইহা বিশেষ উপকারী ঔষধ। **ইহা ইনসুলিন উৎপাদনকারী β কোষসমূহকে (The endocrine β cells in the islets of Langerhans) ও উৎসেচক বা হজমি এনজাইম ক্ষরণকারী কলা বা তন্তু সমূহকে উদ্দীপ্ত করে।** ইনসুলিন এবং গ্লুকাজোন হরমোন সৃষ্টিতে অগ্ন্যাশয়কে ইহা সাহায্য করার ফলে রক্তে শর্করার উচ্চ হার নিয়ন্ত্রিত হয় ও উক্ত হারে ভারসাম্য আনে। জানাবিটা প্রয়োগ কালে বহুক্ষেত্রে ভাইটামের প্রয়োজন হয়। উভয় ঔষধ পর্যায়ক্রমে প্রয়োগে সুফল দর্শে। জানাবিটা ঔষধটি মধুমেহে অব্যর্থ। কিন্তু মূত্রমেহের ক্ষেত্রে সমলক্ষণে ঔষধ প্রয়োগ সত্বেও সুফল না পেলে মাঝে মাঝে জানাবিটা প্রয়োগে সুফল পেতে পারেন। রক্তে শর্করার ভারসাম্য আছে এরূপ ক্ষেত্রেও মূত্রমেহকে নিয়ন্ত্রণে সাহায্য করতে জানাবিটা সক্ষম। জানাবিটা ব্যবহার করা কালে প্রতিকূল সম্বন্ধের ঔষধ বাদ দিয়ে প্রয়োজন অনুযায়ী অন্য যে কোন ঔষধ প্রয়োগ করতে পারেন। প্রতিটি ঔষধ প্রয়োগের ক্ষেত্রে এই নিয়ম মানা উচিত।

## কার্ডিয়ানা (CARDIANA)

প্রতি 5 মিলি মিশ্রণে ঔষধের পরিমাণ (Composition : Each 5 ml contains)

অ্যাব্রোমা অগস্টা ϕ (Abroma augustaϕ) 0.04 মিলি
ক্যাক্টাস গ্র্যান্ডিফ্লোরাসϕ (Cactus grandiflorusϕ) 0.09 মিলি
কনভ্যালারিয়া ম্যাজালিস ϕ(Convallaria majalisϕ) 0.09 মিলি
ক্র্যাটিগাস অক্সিয়্যাক্যান্থা ϕ (Crataegus oxyacanthaϕ) 0.09 মিলি
লাইকোপাস ভার্জিনিকাস ϕ(Lycopus virginicusϕ) 0.09 মিলি
নাক্স ভমিকা ϕ(Nux vomicaϕ) 0.09 মিলি
প্যাসিফ্লোরা ইনকার্নেটা ϕ (Passiflora incarnataϕ) 0.09 মিলি
রাওলফিয়া সার্পেন্টিনা ϕ (Rauvolfia serpentinaϕ) 0.09 মিলি
স্ট্রোফ্যান্থাস হিস্পিডাস ϕ(Strophanthus hispidusϕ) 0.09 মিলি
টার্মিনেলিয়া অর্জুন ϕ(Terminalia arjunaϕ) 0.09 মিলি
অ্যালকোহল (Alcohol) 12% v/v

**মাত্রা (Dose) : প্রাপ্তবয়স্ক** - 1 বা 2 পূর্ণ চা চামচ অথবা 5 বা 10 মিলি অথবা 1 বা 2 বাইরের ছিপি পরিমাণের মাত্রায় জলসহ প্রত্যহ 3 বা 4 বার খালিপেটে বা আহারের পর কিংবা ডাক্তারের নির্দেশ অনুযায়ী সেব্য। বিশেষ ক্ষেত্রে আবশ্যক হলে 3 চা-চামচ কিংবা 5 বা

10 বা 20 ফোঁটা মাত্রায় জল সহ সেবন করতে পারেন।

**শিশু বা অপ্রাপ্তবয়স্ক** - 1/4 বা 1/2 বা 1 চা চামচ অথবা 1.25 বা 2.5 বা 5 মিলি অথবা 1/4 বা 1/2 বা 1 বাইরের ছিপি পরিমাণের মাত্রায় জলসহ প্রযোজ্য। **প্রতিবারে** ঔষধ সেবনের পূর্বে শিশিটি উত্তমরূপে ঝাঁকিয়ে প্রয়োগ করবেন।

**প্রদর্শক বা লক্ষণ** - রক্ত সঞ্চালন তন্ত্রের উপর ইহা গভীরভাবে ক্রিয়া করে। বুকে ধড়ফড়ানি লক্ষণে ঔষধটি ফলপ্রদ। **হৃৎপিণ্ডের যে কোন পীড়ায় ইহা উৎকৃষ্ট ঔষধ।** উচ্চ রক্তচাপ কমিয়ে স্বাভাবিক অবস্থায় এনে দৈহিক ভারসাম্য রক্ষা করতে ইহা সাহায্য করে। কার্ডিয়াক অ্যাজমা (হৃৎপিণ্ড সম্বন্ধীয় হাঁপানি), শ্বাসকষ্ট, সশব্দ নিশ্বাস, শ্বাসনালিতে প্রদাহ, অ্যাথারোসক্লেরোসিস, বুকে যন্ত্রণা বা হৃৎশূল, হাঁটলে পায়ে যন্ত্রণা, মস্তক ঘূর্ণন বা অজ্ঞানতা, হাঁপানি, অনিদ্রা, সানস্ট্রোক বা হিট স্ট্রোক, অসম নাড়ির গতি, হৃৎপিণ্ডের অনিয়মিত কার্য বা কার্ডিয়াক অ্যারিথমিয়া (ট্যাকিকার্ডিয়া বা দ্রুত হৃৎস্পন্দন বা প্রতিমিনিটে হৃৎস্পন্দন বা নাড়ির গতি সংখ্যা ।০০ এর অধিক; মন্থর হৃৎস্পন্দন বা প্রতিমিনিটে নাড়ির গতি 60 এর নিচে ব্রাডিকার্ডিয়া), অস্বাভাবিক দ্রুত হৃৎস্পন্দন, ধমনী গাত্রে প্রদাহ, ধমনীতে রক্ত জমাট বাঁধা, হাতে পায়ে আক্ষেপ, নীলাভ চামড়া; নীল পাণ্ডু বা নীল রোগ, হাতে পায়ে শীর্ণতা, পুরু হাতে পায়ের আঙুলের অগ্রভাগ, শ্বাসকৃচ্ছতা, অবসাদ, ঘাম নিঃসরণ সহ রাতে হঠাৎ জাগা, অজীর্ণতা, পায়ে ও হাতের গাঁটে স্ফীতি, লিভারের বৃদ্ধি, অস্বস্তি, কোষে বা যন্ত্রে অপর্যাপ্ত রক্ত সরবরাহ, বুকের কেন্দ্রে হঠাৎ যন্ত্রণা, অস্থিরতা, ঠাণ্ডা চামড়া, বমি বমিভাব বা বমন, অচেতন অবস্থা, হৃৎস্পন্দনে সাংঘাতিক আলোড়ন বা গোলমাল, হৃদ্বেষ্ট প্রদাহ বা পেরিকার্ডাইটিস, ফুসফুসীয় সমবরোধন, হৃৎপেশীতে প্রদাহ বা মায়োকার্ডাইটিস, হৃৎপিণ্ড আক্রান্ত হওয়া বা মায়োকার্ডিয়াল ইনফার্কশন, এডস প্রবণতা, থ্যালাসিমিয়া , সাইনাস ব্রাডিকার্ডিয়া, সাইনাস ট্যাকিকার্ডিয়া প্রভৃতিতে প্রয়োগ করা যেতে পারে। কথায় জড়তা, বাকশক্তি রোধ, অর্ধাঙ্গে পক্ষাঘাত, আড়াআড়ি বা কোনাকুনিভাবে লক্ষণের প্রকাশ, পচন, রক্ত জমাট বাঁধা, যে কোন দ্বার থেকে রক্তস্রাব, দিবান্ধতা, চোখে রক্তস্রাব, দৃষ্টিহীনতা, তিমির বা অর্ধদৃষ্টি, গিলতে কষ্ট, কালোবমি, পেট ফাঁপা, রক্ত বমন, কালো বা রক্তাক্ত মল, থ্রম্বসিস। ডান পাশে বৃদ্ধি, দুষ্টব্রণ, বিসর্প প্রভৃতিতে **বোথ্রপ্স (Bothrops) 30,200**, কার্ডিয়ানা চলাকালেও দিতে পারেন।

মধুমেহ সহ ইস্কিমিয়া, হৃৎপিণ্ডের পীড়া বা রক্ত সঞ্চালন তন্ত্রের যে কোন পীড়ায় জানাবিটা ও কার্ডিয়ানা পর্যায়ক্রমে প্রয়োগে সুফল পাওয়া যায়। এরূপ ক্ষেত্রে আলসার ও গ্যাস্ট্রাইটিস থাকলে জানাবিটা, কার্ডিয়ানা, ভাইটাম অনুপর্যায়ক্রমে প্রযোজ্য। অনিদ্রায় কার্ডিয়ানা ও জাসোবিন পর্যায়ক্রমে প্রয়োগে উপকার করতে পারে। যে কোন ক্ষেত্রে প্রয়োজনে কার্ডিয়ানা ও ভাইটাম পর্যায়ক্রমে প্রয়োগে সুফল দর্শে। **সহ্যসীমার** বাইরে বুকে ধড়ফড় করার ফলে যারা হাঁটতে বা সাঁতার কাটতে কিংবা ব্যায়াম করতে বা সাইকেল চড়তে

বা দৌড়াতে বা সিঁড়িতে ওঠানামা করতে বা পাহাড়ে উঠতে সাহস পান না - তারা নিয়মিত কার্ডিয়ানা সেবনে কিছুদিনের মধ্যে সাহস ফিরে পাবেন। সাহস ফিরে পাওয়ার পরে কিংবা বুকে ধড়ফড় না করলে বা ধড়ফড়ানি না থাকলে ঔষধটি একটানা খাওয়ার প্রয়োজন হয় না। প্রয়োজনে মাঝে মাঝে সেবন করতে পারবেন। কার্ডিয়ানা প্রয়োগ কালে **আর্নিকা মন্টেনা 6, 30, বা 200** অথবা অন্য কোন ঔষধ কিংবা কোব্রা বা ন্যাজা (হৃৎপিণ্ডের যে কোন পীড়া) , ক্রোটেলাস হরিডাস, ল্যাকেসিস, **ভাইপেরা টোর্ভা**, (জন্ডিস, কার্বাঙ্কল, ফোড়া, রক্তমূত্র, আংশিক পক্ষাঘাত, লাল বা পিঙ্গলবর্ণ জিব, হৃৎপিণ্ডের শোথ) **30, 200 বা 1M** - প্রয়োজনে প্রয়োগ করতে পারেন। **নাক্স ভমিকা ϕ** তৈরি করার আগে তামাযুক্ত কুচিলা বীজকে শোধন করা হয়েছে। অতএব ইহার **বিষাক্ততা সম্পর্কে** অহেতুক ভীতি থাকা উচিত নয়। বরঞ্চ ইহা দৈহিক ভারসাম্য বজায় রাখে ও অত্যন্ত উপকারী এবং **কুপ্রাম মেটের** ন্যায় **উৎকৃষ্ট আক্ষেপ নিবারক** ঔষধ।

## ভাইটাম (VITAM)

প্রতি 5 মিলি মিশ্রণে ঔষধের পরিমাণ (Composition : Each 5 ml contains)
ঈগল মারমেলসϕ (Aegle marmelosϕ) 0.08 মিলি
অ্যালফালফা ϕ (Alfalfaϕ) 0.08 মিলি
উয়িদ্যানিয়া সম্নিফেরাϕ (Withania somniferaϕ) 0.08 মিলি
অ্যাভেনা স্যাটাইভা ϕ (Avena sativaϕ) 0.08 মিলি
কার্ডুয়াস মেরিয়ানাসϕ (Carduus marianusϕ) 0.08 মিলি
ক্যারিকা পেপেয়া ϕ (Carica papayaϕ) 0.08 মিলি
চেলিডোনিয়াম মেজাস ϕ (Chelidonium majusϕ) 0.08 মিলি
হাইড্র্যাস্টিস ক্যানাডেন্সিস ϕ (Hydrastis canadensisϕ) 0.08 মিলি
অ্যানড্রোগ্রাফিস প্যানিকুলেটা ϕ (Andrographis paniculataϕ) 0.08 মিলি
হলারিনা অ্যান্টিডিসেন্টেরিকা ϕ (Holarrhena antidysentericaϕ) 0.08 মিলি
নাক্স ভমিকা ϕ (Nux vomicaϕ) 0.08 মিলি
স্যাবাল সেরুলেটা ϕ (Sabal serrulataϕ) 0.08 মিলি
ক্যাল্কেরিয়া ফস্ফোরিকা 3x ( Calcarea phosphorica 3x) 50 মিগ্রা
ফেরাম ফস্ফোরিকাম 3x (Ferrum phosphoricum 3x) 50 মিগ্রা
কেলি ফস্ফোরিকাম 3x (Kali phosphoricum 3x) 50 মিগ্রা
ম্যাগ্নেশিয়াম ফস্ফোরিকাম 3x (Magnesium phosphoricum 3x) 50 মিগ্রা
নেট্রাম ফস্ফোরিকাম 3x(Natrum phosphoricum 3x) 50 মিগ্রা
অ্যালকোহল (Alcohol) 11.5% v/v

**একালীন সেব্য ঔষধের মাত্রা (Dose) ঃ-** প্রাপ্তবয়স্ক - 1 বা 2 পূর্ণ চা চামচ অথবা 5 বা 10 মিলি মাত্রায় জল সহ প্রত্যহ 2 বা 3 বা 4 বার খালি পেটে, জলযোগের পরে, আহারের পূর্বে বা পরে কিংবা চিকিৎসকের নির্দেশ অনুযায়ী সেব্য। কোন ক্ষেত্রে হাতের কাছে চা-চামচ না থাকলে শিশি বা বোতলের মুখের বাইরের ছিপির 1বা 2 পূর্ণ ছিপি মাত্রায় সেব্য। বিশেষ ক্ষেত্রে আবশ্যক হলে 3 চা-চামচ মাত্রায় জল সহ সেবন করতে পারেন।

**শিশু বা অপ্রাপ্তবয়স্ক** - বয়স অনুসারে $^1/_4$ বা $^1/_2$ বা 1 চা চামচ অথবা 1.25 বা 2.5 বা 5 মিলি বা $^1/_4$ বা $^1/_2$ বা 1 ছিপি মাত্রায় জলসহ বা খাদ্যের সঙ্গে মিশিয়ে প্রত্যহ 2 বা 3 বা 4 বার প্রয়োগ করতে পারেন। এরূপ মাত্রায় ঔষধ যদি কোন শিশু খেতে না চায় তাহলে 5বা 10 বা 20 ফোঁটা মাত্রায় জলসহ বা খাদ্যের সঙ্গে মিশিয়ে প্রযোজ্য। **প্রতিবারে ঔষধ প্রয়োগ করবার পূর্বে শিশিটি উত্তমরূপে ঝাঁকিয়ে প্রয়োগ করবেন।**

**প্রদর্শক বা লক্ষণ** - এই ঔষধটির ব্যাপক প্রয়োগ আছে। ইহা **ভিটামিন - A, B, C, D, E, K** ইত্যাদির পরিপূরক। ইহা একটি **বলবর্ধক** ঔষধ। **রিকেট** রোগগ্রস্ত বাচ্চাদের সঙ্গী। **দাঁতের সুগঠনে** ও ঔষধটি উৎকৃষ্ট। **যে কোন রোগে আক্রান্ত ব্যক্তির সাংঘাতিক দুর্বলতায় ঔষধটি অত্যন্ত উপকারী।** ইহা জীবনীশক্তি, সঙ্গমশক্তি ও সৌন্দর্য বর্ধক। ডিম্বাণু ও শুক্রাণুর সংখ্যা বৃদ্ধিতে সাহায্য করতে পারে। **মেরুমজ্জার উপরে গভীরভাবে ক্রিয়াশীল ঔষধ।** পাচনতন্ত্র, রেচনতন্ত্র, শ্বসনতন্ত্র, স্নায়ুতন্ত্র, রোগ প্রতিরোধ তন্ত্র প্রভৃতি সমস্ত তন্ত্রের উপরে ক্রিয়া করে রোগ **প্রতিরোধ ক্ষমতা** বৃদ্ধিতে সাহায্য করে। দেহের **উচ্চ তাপমাত্রা** কমিয়ে দিতে পারে। হজম ক্ষমতা বৃদ্ধি করে। দেহের উপাদানগত **অভাব পূরণ** করতে পারে। **নির্জলকরণ, এডস প্রবণতা, থ্যালাসিমিয়া, আলসার, অম্ল ও অজীর্ণতা** বা বদহজম, **অক্ষুধা** বা **ক্ষুধাহীনতা, ওজন হ্রাস, কোষ্ঠবদ্ধতা, ডিওডিন্যাল** বা পেপটিক আলসার, **গ্যাস্ট্রাইটিস** প্রভৃতিতে অব্যর্থ। অপুষ্টি দূর করে। খাদ্যকে হজম করে, খাদ্যের সারাংশ শোষণ করে, মেসেন্টারী (মধ্যান্ত্রত্বক) মারফৎ রক্তে মিশিয়ে দেহের বিভিন্ন অংশে পাঠিয়ে ক্ষয়পূরণ, বৃদ্ধি সাধন, তাপোৎপাদন প্রভৃতি বিষয়গুলির মধ্যে ভারসাম্য সাধন করে ও হ্রাসপ্রাপ্ত দৈহিক ওজনকে বাড়ায়। শুক্রাণু ও ডিম্বাণুকে পুষ্ট করে। জননেন্দ্রিয়ের দুর্বলতা দূর করে যৌন ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করতে পারে। **অপুষ্টি বা ভিটামিনের অভাবজনিত রোগে ভাইটাম অব্যর্থ ঔষধ। রক্তের উপাদানের** ঘাটতি পূরণ করে, জারক রস এবং হরমোন নিঃসরণকারী গ্রন্থিগুলিকে প্রভাবিত করে। ফলে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে। **ইনসুলিন** উৎপাদনে অগ্ন্যাশয়কে সাহায্য করে। **মধুমেহে ক্রমশ ওজন হ্রাস পেলে ইহা উৎকৃষ্ট ঔষধ।** মধুমেহে সাংঘাতিক ভাবে আক্রান্ত হয়ে যাদের ওজন হ্রাস পেতে থাকে, তারা প্রয়োজনে ওজন স্বাভাবিক হওয়া পর্যন্ত এই ঔষধটি ও **জানাবিটা** পর্যায়ক্রমে সেবন করতে পারেন। **মেদাধিক্য** সহ মধুমেহে আক্রান্ত ব্যক্তিও প্রয়োজনে মাঝে মাঝে ভাইটাম সেবন করতে পারবেন। ইহা **Autoimmune disor-**

**ders** [Specific :. Addison's disease (adrenal glands), Autoimmune haemolytic anaemia (red blood cells), Autoimmune chronic active hepatitis (liver), Autoimmune infertility (sperm or ovary), Diabetes mellitus type 1(pancreas), Goodpasture's syndrome (lung and kidney), Graves' disease (thyroid gland), Hashimoto's thyroiditis (thyroid gland), Idiopathic thrombocytopenic purpura (platelets), Myasthenia gravis (muscle receptors), Pernicious anaemia (stomach lining), Vitiligo (melanocytes); Nonspecific:Behcet's syndrome, Rheumatoid arthritis, Siogren's syndrome, Systemic lupus erythematosus] এর ক্ষেত্রেও উপকারী ঔষধ। অ্যানাকার্ডিয়াম ওরিয়েন্ট্যাল, ক্যাডমিয়াম সালফিউরিকাম, অ্যাসিড মিউর, অ্যাসিড সালফ, আইওডিয়াম, আইরিস ভার্স বা টেনাক্স, আর্সেনিক, ইল্যাপ্স কর (কালচে বা কালির ন্যায় রক্তস্রাব বা সকল স্রাব, পাকস্থলীতে অম্লত্ব, ডান ফুসফুসে বেদনা, কাল রক্তসহ কাশি, দেহের ডান পাশে পক্ষাঘাত); কার্বোভেজ, ক্যাল কার্ব, কলোসিন্থ, পালসেটিলা, বিসমাথ, বোরাক্স, ব্রাইওনিয়া, মার্ক ভাই বা সল, রাস টক্স, রুটা ϕ, সিস্ফাইটাম ϕ, লাইকো, ফসফরাস, ইউরেনিয়াম নাইট্রিকাম প্রভৃতি যে কোন ঔষধ (6.30.200); ভাইটাম প্রয়োগের পরে প্রয়োজনে। বা ; বা ; টি ব্যবহার করতে পারেন।

## ককসী (COCCEE)

প্রতি 5 মিলি মিশ্রণে ঔষধের পরিমাণ (Composition: Each 5 ml contains)

ঈগল মারমেলসϕ (Aegle marmelosϕ) 0.09 মিলি

অ্যালো সকোট্রিনা ϕ (Aloe socotrinaϕ) 0.09 মিলি

অ্যাটিস্টা র‍্যাডিক্স ϕ (Atista radixϕ) 0.08 মিলি

ব্যাপ্টিসিয়া টিংটোরিয়া ϕ (Baptisia tinctoriaϕ) 0.09 মিলি

সিঙ্কোনা অফিসিন্যালিস ϕ (Cinchona officinalisϕ) 0.09 মিলি

হলারিনা অ্যান্টিডিসেন্টেরিকা ϕ (Holarrhena antidysentericaϕ) 0.09 মিলি

মার্কিউরিয়াস করোসাইভাস ϕ (Mercurius corrosivusϕ)0.09 মিলি

নাক্স ভমিকা ϕ (Nux vomicaϕ) 0.09 মিলি

সালফার ϕ (Sulphurϕ) 0.09 মিলি

কুপ্রাম সালফিউরিকাম IX (Cuprum sulphuricum IX) 250 মিগ্রা.

অ্যালকোহল (Alcohol) 12% v/v

**মাত্রা (Dose):- প্রাপ্তবয়স্ক** - 4 - 12 ফোঁটা মাত্রায় জলসহ প্রত্যহ 3 বা 4 বার খালি পেটে বা আহারের পর কিংবা ডাক্তারের নির্দেশ অনুযায়ী সেব্য। প্রথমে 4 ফোঁটায় মাত্রা হিসাবে জলসহ আরম্ভ করে পরে পরে প্রয়োজনে সহ্য ক্ষমতা অনুযায়ী মাত্রা বাড়াতে পারেন। কোন আক্রান্ত ব্যক্তির ক্ষেত্রে উপরোক্ত 4 থেকে 12 ফোঁটা মাত্রা যদি আরোগ্যে

সাহায্য না করে তাহলে সহ্য ক্ষমতা অনুযায়ী তিনি ককসী 20 ফোঁটা মাত্রায় জলসহ প্রতিবার মলত্যাগের পূর্বে বা পরে সেবনে সুফল পাবেন। বিশেষ কোন ক্ষেত্রে প্রয়োজন হলে 1 বা 2 বা 3 বা 4 বার স্থূল মাত্রায় (1.25 মিলি বা $^1/_4$ বাইরের ছিপি বা $^1/_4$ চা চামচ) $^1/_2$ বা 1কাপ জলসহ সেবনে সুফল পাবেন। কষ্টকর উপসর্গ হ্রাস পেলে পরে অল্প মাত্রায় প্রয়োজন অনুসারে প্রযোজ্য। প্রয়োজনে ঔষধটি সেবনের পরে 1 বা 2 বা 3 বা 4 কাপ কিংবা পর্যাপ্ত পরিমাণে জল পানে উপকৃত হবেন। রোগের উগ্রতা কমে গেলে ককসী বন্ধ না করে একটানা কিছুদিন যাবৎ অন্ততঃ প্রত্যহ আহারের পরে রাতে 1 বার শোয়ার সময় কিংবা দিনে আহারের পরে 1 বার জলসহ সেবন করবেন।

**শিশু বা অপ্রাপ্তবয়স্ক** - বয়স অনুসারে 1 বা 2 ফোঁটা মাত্রায় জলসহ কিংবা তরল খাদ্যের সঙ্গে মিশিয়ে প্রতিবার মলত্যাগের পরে 3 বা 4 বার প্রয়োগ করতে পারেন। বারবার বা পুনঃপুন মলত্যাগ করলে প্রতিবারে মলত্যাগের পরে প্রয়োজনে 3 বা 4 ফোঁটা মাত্রায় জলসহ প্রয়োগ করতে পারেন। **450/225/125** মিলি শিশি থেকে ছোট শিশিতে ঢালার পূর্বে ঝাঁকুনি দিয়ে ঢালবেন। কিন্তু ছোট শিশিতে ঢালার পরে কোন ঝাঁকুনি দেবার প্রয়োজন হবে না।

**প্রদর্শক বা লক্ষণ** - এককোষী পরজীবী প্রোটোজোয়া (ENTAMOEBA HISTOLYTICA) জীবাণুজনিত কারণে **আমাশয়ে** (Amoebic dysentery) ইহা অব্যর্থ ঔষধ। ব্যাক্টিরিয়া শিগেলা (SHIGELLA) জীবাণুজনিত কারণে শিগেলোসিস (Shigellosis) বা ব্যাসিলারি ডিসেন্টেরি বা **রক্ত আমাশয়েও** ইহা উপকারী। ক্ষেত্র অনুযায়ী **উভয় প্রকার** আমাশয়ে ঔষধটি উপযোগী। আণুবীক্ষণিকজীবাণু (Microorganism) যথা - অ্যামীবা, ভাইরাস, শিগেলা ব্যাক্টিরিয়া ও ক্যামপাইলোব্যাক্টার (CAMPYLO-BACTER) জীবাণুজনিত কারণে **বৃহদন্ত্রপ্রদাহ বা কোলাইটিস** (Colitis) এর ক্ষেত্রেও ঔষধটি কার্যকরী। মলত্যাগকালে কোঁথানি, রক্তরেখা অঙ্কিত বা রক্ত মিশ্রিত জলবৎ আমযুক্ত, হঠাৎ জলবৎ উদরাময়, আন্ত্রিক ক্রিয়াবৈষম্য, তরুণ বা পুরাতন কোলাইটিস, উদরাময়, টাইফয়েড, আমাশয়, হিল বা গ্রীন ডায়্যারিয়া, পেট ফাঁপা, বদহজম, কালো বা পরিবর্তনশীল মলত্যাগ, বৃহদন্ত্রে প্রদাহ, বমি বমি ভাব, বমন, সর্বাঙ্গে বেদনা বা যন্ত্রণা কিংবা পেটে যন্ত্রণা, স্থায়ী উদরাময়, প্রলাপ, নির্জল করণ প্রভৃতিতে বিশেষ উপযোগী। জলবৎ কালচে, হলদে, সবুজ, আমমিশ্রিত বা পুঁজ ও আমরক্তযুক্ত প্রত্যহ 2 বা 3 বার বা পুনঃপুন পাতলা বা জলবৎ মলত্যাগ, পেটে যন্ত্রণা ও গড় গড় শব্দ, দেহে উচ্চ তাপমাত্রা বা জ্বর, অর্শের জ্বালা, যন্ত্রণা, টাটানি, কাঠি ফোটানোর ন্যায় যন্ত্রণা, মলদ্বারে কামড়ানো বা চিমটি কাটার ন্যায় অনুভূতি, ছুরি দিয়ে কাটার ন্যায় বা সুচ ফোটানোর ন্যায় যন্ত্রণা, মলদ্বারে গোঁজ থাকার ন্যায় অনুভূতি প্রভৃতি লক্ষণে এবং আমাশয় সহ মধুমেহে জানাবিটা, ককসী ও পাইলেজান অনুপর্যায়ক্রমে প্রয়োগে আরোগ্যে সাহায্য করে।

অ্যামীবা রক্তস্রোতে মিশে লিভারে বিস্তারের পরে পুঁজযুক্ত ক্ষত সৃষ্টি করে। এই অবস্থায় লিভারের বৃদ্ধি সহ যন্ত্রণা, শীত বোধ, জ্বর, ওজন হ্রাস ও যন্ত্রণায় ইহা আরোগ্যে সাহায্য করে। মধুমেহ সহ উপাঙ্গ প্রদাহ বা আমাশয়ে আক্রান্ত ব্যক্তি জানাবিটা ও ককসী পর্যায়ক্রমে সেবন করলে আরোগ্যের পথে এগিয়ে যাবেন।

বিশেষ কোন ক্ষেত্রে **ককসী** ব্যর্থ হলে ককসী বন্ধ করে ককসিডাইন প্রয়োগে সুফল পাবেন। আবার কোথাও ককসিডাইন ব্যর্থ হলে ককসিডাইন বন্ধ করে ককসী প্রয়োগে আরোগ্যে সাহায্য করে। পাতলা আমযুক্ত মলত্যাগে জানসীন ও ককসী পর্যায়ক্রমে প্রয়োগে সুফল দর্শে। বিশেষ ক্ষেত্রে জানসীন ও ককসিডাইন পর্যায়ক্রমে প্রয়োগে আরোগ্য ত্বরান্বিত করে। জানসীন, ককসী বা ককসিডাইন প্রয়োগের পরে পাতলা মলত্যাগ, আমযুক্ত মলত্যাগ বা আমরক্ত সহ মলত্যাগ বন্ধ হলে বা বারে কমলে - নির্জলকরণ, ক্ষুধাহীনতা, অম্বল বা অত্যধিক দুর্বলতার জন্য বহুক্ষেত্রে ভাইটামের প্রয়োজন হয়। যথাসময়ে ভাইটাম প্রয়োগ করতে পারলে নির্জলকরণের অভাব পূরণের ফলে দ্রুত আরোগ্যে সাহায্য করতে পারে।

**ককসী ও পাইলেজান** প্রত্যহ পর্যায়ক্রমে বা একদিন ককসী তারপরদিন পাইলেজান আবার পরের দিন ককসী - এভাবে একটানা কিছুদিন যাবৎ বা মাঝে মাঝে সেবন করতে পারলে আমাশয়, অর্শ ও ভগন্দরজনিত পায়ুদ্বার বা মলদ্বারের কষ্ট লাঘব হয় ও আরোগ্যে সাহায্য করে। এছাড়া ভবিষ্যতে পায়ুদ্বারের ক্যান্সার হওয়ার প্রবণতা প্রতিরোধ করতে ঔষধদ্বয় অদ্বিতীয়। হঠাৎ পেটের অসহ্য যন্ত্রণায় ও শূলব্যথায় কলোসিন্থিস 200(1 বা 2 বা 3 মাত্রা) তলপেটের যন্ত্রণায় ব্যাসিলাস কোলাই 200 (1 বা 2 মাত্রা) ও অসহ্য জ্বালায় ক্যান্থারিস 200, নাভিতে কামড়ানো ব্যথায় মার্ক ভাই বা মার্ক সল 6-200 উপকারী।

## ককসিডাইন (COCCIDINE)

প্রতি 5 মিলি মিশ্রণে ঔষধের পরিমাণ (Composition : Each 5ml contains)
অ্যাকোনাইটাম ন্যাপেলাস ϕ (Aconitum napellus ϕ) 0.08 মিলি
সিঙ্কোনা অফিসিন্যালিস ϕ (Cinchona officinalis ϕ) 0.09 মিলি
সাইনোডন ড্যাকটিলন ϕ (Cynodon dactylon ϕ) 0.09 মিলি
ফিকাস ইন্ডিকা ϕ (Ficus indica ϕ) 0.09 মিলি
হলারিনা অ্যান্টিডিসেন্টেরিকা ϕ (Holarrhena antidysenterica ϕ) 0.09 মিলি
হাইড্রোকোটাইল এসিয়াটিকা ϕ (Hydrocotyle asiatica ϕ) 0.09 মিলি
মার্কিউরিয়াস করোসাইভাস ϕ (Mercurius corrosivus ϕ) 0.09 মিলি
নাক্স ভমিকা ϕ (Nux vomica ϕ) 0.09 মিলি
সালফার ϕ (Sulphur ϕ) 0.09 মিলি
কুপ্রাম সালফিউরিকাম 1x (Cuprum sulphuricum 1x) 250 মিগ্রা

অ্যালকোহল (Alcohol) 12% V/V

**মাত্রা (Dose) ঃ প্রাপ্তবয়স্ক** - 2 থেকে 4 ফোঁটা মাত্রায় জল সহ প্রত্যহ 3 বা 4 বার খালি পেটে বা আহারের পরে কিংবা ডাক্তারের নির্দেশ অনুযায়ী সেব্য। উচ্চ তাপমাত্রা সহ পুনঃপুন রক্ত যুক্ত বা আমরক্ত যুক্ত মলত্যাগ করলে প্রতিবার মলত্যাগের পরে বারবার প্রযোজ্য। ইহাতে খুব দ্রুত সুফল দর্শে। উচ্চ তাপমাত্রা হ্রাস পেয়ে স্বাভাবিক দৈহিক তাপমাত্রায় আসার ফলে রোগী আরামবোধ করে। কোন আক্রান্ত ব্যক্তির ক্ষেত্রে উপরোক্ত 2 থেকে 4 ফোঁটা মাত্রা যদি আরোগ্যে সাহায্য না করে তাহলে সহ্য ক্ষমতা অনুযায়ী তিনি ককসিডাইন স্থূলমাত্রা অর্থাৎ 4 থেকে 12 ফোঁটা মাত্রায় জলসহ প্রয়োজনে বারবার সেবন করতে পারবেন। প্রত্যেকবার জলসহ ঔষধ সেবনের পরে 3-4 কাপ বা 1 গ্লাস জল সেবনে দ্রুত আরোগ্যে সাহায্য করে। প্রথমে 4 ফোঁটায় মাত্রা হিসাবে জলসহ আরম্ভ করে ধীরে ধীরে সহ্য ক্ষমতা অনুযায়ী 6 বা 8 বা 10 বা 12 ফোঁটা মাত্রা কিংবা ঐ 4 ফোঁটায় মাত্রা হিসাবে সেবনে দ্রুত সুফল পাবেন। ইহা প্রয়োগের পরে স্বাভাবিক দৈহিক ভারসাম্য ফিরিয়ে আনার জন্য ভাইটাম অত্যাবশ্যক।

**শিশু বা অপ্রাপ্তবয়স্ক** - বয়স অনুসারে প্রাপ্ত বয়স্কের মাত্রার $^1/_4$ বা $^1/_2$ মাত্রা হিসাবে জল বা তরল খাদ্য সহ সেব্য। প্রথমে 1 ফোঁটা মাত্রায় জল বা তরল খাদ্য সহ প্রয়োগের পরে ধীরে ধীরে সহ্য ক্ষমতা অনুযায়ী ঐ 1 ফোঁটা মাত্রায় কিংবা প্রয়োজনে 2 বা 3 বা 4 ফোঁটা মাত্রায় জল বা তরল খাদ্য সহ প্রয়োগ করবেন। জলসহ ঔষধ সেবনের পরে 1/2 বা 1 বা 2 কাপ জল খাওয়াবেন। শিশুদের ক্ষেত্রে-- জ্বর থাকা বা জ্বরহীন অবস্থায় যতবার মলত্যাগ করবে ততবারই জল বা তরল খাদ্যসহ ঔষধটি প্রয়োগ করতে হবে। প্রয়োজনে সময়মতো ভাইটাম অবশ্যই প্রয়োগ করবেন।

**প্রদর্শক বা লক্ষণ** - ব্যাক্টিরিয়া **শিগেলা** (Shigella) সংক্রমণে বা **ব্যাসিলারি ডিসেন্টেরি ও কোলাইটিসে** ইহা অব্যর্থ ঔষধ। হঠাৎ জলবৎ উদরাময়, পেটে অহস্য যন্ত্রণা, কম্পন, শীত শীত বা বমি বমি ভাব, বমন, হাড়ে বা সর্বাঙ্গে বেদনা বা যন্ত্রণা, জ্বর বা উচ্চ তাপমাত্রা ($105^0$F বা $105^0$ ফারেনহাইটের কম বা বেশী), পুনঃপুন পুঁজ রক্তযুক্ত অল্প অল্প জলবৎ বা কালো মলত্যাগ, পুরাতন বা স্থায়ী উদরাময়জনিত নির্জলকরণ, রক্তে ব্যাক্টিরিয়াজনিত বিষের প্রাধান্য, টক্সিমিয়ার ফলে উচ্চ তাপমাত্রা বা উচ্চ তাপমাত্রাসহ প্রলাপ সাংঘাতিক কুন্থন প্রভৃতি লক্ষণে আরোগ্যকারী ঔষধ। কোলনে বা বৃহদন্ত্রের কোন অংশে কিংবা প্রোক্টিটিস (Proctitis) : **বৃহদন্ত্রে** প্রদাহজনিত কারণে আমরক্তযুক্ত পাতলা বা জলবৎ মলত্যাগ, পেটে যন্ত্রণা ও জ্বর, অ্যাপেন্ডিসাইটিস ও ডান তলপেটে অসহ্য যন্ত্রণা এবং প্রদাহ, ডাইভারটিকিউলাইটিস (Diverticulitis) : বৃহদন্ত্র (colon) বা স্থূলান্ত্রের থলি বা গহ্বরে প্রদাহ, এডস প্রবণতা, প্রভৃতিতে কার্যকরী। অ্যাথারোসক্লেরোসিস, আন্ত্রিক বা ইনটেস্টিন্যাল ইস্কেমিয়া, ক্ষতবিক্ষত বা আলসারিটিভ কোলাইটিস ও কিশোর-কিশোরী, যুবক-যুবতীদের